MAY 29 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ........
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ....

# শিক্ষকদের অবমাননাকর কালো আইনটি বাতিল করা হোক

চলতি এইচএসসি পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের জন্য যে উদ্যোগ শিক্ষা মন্ত্রণালয় গ্রহণ করেছে তা নিঃসন্দেহে মহৎ। শিক্ষক সমাজ বহু আগে থেকেই নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্য সর্বতোভাবে দাবী করে আসছেন। কাজেই শিক্ষক সমাজ এই উদ্যোগকে সর্বতোভাবে সমর্থন করেন। কিন্তু বড়োই পরিতাপের বিষয়, একই সঙ্গে এমন একটি কালো আইন জারি করা হয়েছে, যা শিক্ষকদের জন্য অবমাননাকর আইনটি হচ্ছে কোনো পরীক্ষার হলে যদি কোনো পরীক্ষার্থী বহিষ্কার হয়, তবে সেই হলের কর্তব্যরত শিক্ষকও বহিষ্কৃত হবেন। এই আইন সম্পূর্ণ অযৌক্তিক, অবাঞ্ছিত, অনভিপ্রেত এবং শিক্ষক নিপীড়নের কৌশল ছাড়া আর কিছুই নয়। এ দিয়ে শিক্ষকদের মানসিকভাবে হয়রানি করা হচ্ছে এবং অপমান করা হচ্ছে। হ্যাঁ, কোনো শিক্ষক যদি নকল করার ক্ষেত্রে কোনো পরীক্ষার্থীকে উৎসাহিত করেন অথবা সহায়তা করেন, নিঃসন্দেহে তা শাস্তিযোগ্য অপরাধ- সে ক্ষেত্রে তাঁকে শাস্তি পেতেই হবে। কিন্তু কোনো চতুর অসৎ ছাত্র যদি শিক্ষকের চোখ ফাঁকি দিয়ে অসদুপায় অবলম্বন করতে গিয়ে ধরা পড়ে, সে ক্ষেত্রে ওই শিক্ষক দায়ী হতে পারেন না। ১০০/১০০০ জনের মধ্যে যে একজন এমন ছাত্র থাকবে না, তা নিশ্চয় করে বলা যাবে না।

শিক্ষকদের ওপর জোর করে যে অন্যায় আদেশ চাপিয়ে দেয়া হয়েছে, তা কোনোভাবেই মানা যায় না সুতরাং শিক্ষক হয়রানির এই কালো আইনটি বাতিল করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**বেণী মাধব সরকার,**
সহকারী অধ্যাপক,
সিংগাইর ডিগ্রী কলেজ,
সিংগাইর, মানিকগঞ্জ।